500Rs

INDIA NON JUDICIAL

५०० रु.  Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

... under Regi...
duly Stamped under the Indian
Stamp Act, 1899 as amended by
Act ... of 19.. and Section ..
of the Calcutta Improvement
Act, 1911 ...
1A ... 23
Stamp ...
Section ... 612
...
...
... 220
... 832

A 110

কোবালা গ্রহীতা –

শ্রী কমল কানু চন্দ্র
পিতা ঁআশুতোষ চন্দ্র
জাতি হিন্দু, পেশা চাকুরী
সাং ১বি নং গোপাল ডাক্তার
রোড, থানা ওয়াটগঞ্জ
কলিকাতা -৭০০০২৩

কোবালা দাতা –

শ্রী বিমল কুমার চন্দ্র
পিতা ঁআশুতোষ চন্দ্র
জাতি হিন্দু, পেশা চাকুরী
সাকিন ১বি নং গোপাল ডাক্তার
রোড , খিদিরপুর থানা ওয়াটগঞ্জ
কলিকাতা -৭০০০২৩ জেলা ২৪
পরগণা । –

কস্য সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় মৌরসী মোকররী –

1143 (6)
Kamal Kanta Chandra
1B, Gopal Doctor Road, Calcutta-23
500/-
14.2.86

1143 (6)

- $R_2$ 500.00
$R_2$ 1·5 ... for Registration ...
$R_2$ 100 ... A.M./P.M. on the 25th
$R_2$ 180 day of Feb 1986
$R_2$ Sadar Registration Office
$R_2$ 30.00 24 Parganas by Bimal Kumar
$R_1$ 7.00 Chandra
... / Claimant or one of

837 Executants / Claimants of
Attorney for
Executant / Claimant under a
Power of attorney No ...
on 19... authenticated by ...
... Registrar ...

Bimal Kumar Chandra
S/o Lt Ashutosh Chandra
of 1B, Gopal Doctor Rd Khidirpur
Thana Watgunge. Cal-23
District
by Caste ... / Muslim
by profession service.

Additional Registrar of Assurances, Calcutta (signature, dated 25/2/86)

- শ্রী [illegible]

Arun Kumar Saha
Bhupati Saha
Son / ... of
of 13 Ramalal Paul Road
Thana Cal-23
District
by ... / Muslim
by profession Business



শ্রী [illegible]

- Arun Kumar Saha

Additional Registrar of Assurances, Calcutta (signature, dated 25/2/86)

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

सत्यमेव जयते
भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES

11211

স্বত্ব বিশিষ্ট বাস্তু জমি মায় তদুপরিস্থিত দ্বিতল ইমারত বাটি, অন্যান্য যাবতীয় সাজপাট, আব্রু আওলাতাদি ও তৎসংক্রান্ত সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সমেত দরবস্ত হক হকুক বিক্রয়ের নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যঞ্চাগে। জেলা ২৪ পরগণা, সবরেজেষ্ট্রি অফিস আলিপুর, পরগণা মাগুরা, থানা ওয়াটগঞ্জ, মৌজা খিদিরপুর সাবেক কলিকাতা কর্পোরেশনের ১ নম্বর গোপাল ডাক্তার রোড হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত ১এ নং গোপাল ডাক্তার রোড প্রেমিসেস ভুক্ত মালিক জমিদার হুগলী ইমামবাড়া এস্টেটের অধীন বার্ষিক ।/১৫ গণ্ডা জমা ভুক্ত কমবেশ /২।৶০ দুই কাঠা ছয় ছটাক মৌরশী মোকররী স্বত্বীয় বাস্তু জমি মায় তদুপরিস্থিত দ্বিতল ইমারত বাটি

Scanned with ACE Scanner

100Rs.

INDIA NON JUDICIAL

१00 रु.

Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



অন্যান্য যাবতীয় সাজপাট আকর আওলাতাদি মায় তৎসংক্রান্ত সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পত্তি জনৈকা সৌদামিনী দাসীর নিজ অর্থে ও স্বার্থে খরিদা ভোগদখলী সম্পত্তি থাকে।

তিনি উক্ত সম্পত্তির একক মালিক স্বরূপে ভোগ দখল করিতে থাকা অবস্থায় পরলোক গমন করিলে তদীয়া দুই পুত্র অধুনা মৃত সারদা প্রসাদ চন্দ্র ও মৃত বরদা প্রসাদ চন্দ্র তাঁহার একমাত্র ওয়ারিশ সূত্রে তুল্যাংশে প্রাপ্ত হইয়া উক্ত সম্পত্তি এজমালে ভোগদখল করিতে থাকেন।

কালক্রমে বরদা প্রসাদ চন্দ্র মহাশয় কোন প্রকার দলিল বা উইল সহি সম্পাদন না করিয়া বিগত সন ১৩৩৪ সালে পরলোক গত হইলে তদীয় ত্যক্ত উক্ত মোট সম্পত্তির অবিভক্ত $\frac{১}{২}$ অর্দ্ধাংশ তাঁহার তৎকালীন দুই জীবিত পুত্র

Scanned with ACE Scanner

100Rs.

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

सत्यमेव जयते

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



যথাক্রমে শ্রী সুরেন্দ্র নাথ চন্দ্র ও শ্রী আশুতোষ চন্দ্র এবং একবিধবা পত্নী শ্রীমতী – জ্ঞানদাময়ী দাসী তুল্যাংশে অর্থাৎ প্রত্যেকে উক্ত মোট সম্পত্তির অবিভক্ত $\frac{১}{৬}$ রকম স্বত্বাংশ প্রাপ্ত হইয়া তাঁহাদিগের বক্রী অবিভক্ত $\frac{১}{২}$ অর্দ্ধাংশের সরিক অধুনা মৃত সারদা প্রসাদ চন্দ্রের সহিত এজমালে উক্ত সম্পত্তি ভোগদখল করিতে থাকেন।

পরে শ্রীমতী জ্ঞানদাময়ী দাসীর দেহান্তে তাঁহার দুই পুত্র সুরেন্দ্র নাথ চন্দ্র ও আশুতোষ চন্দ্র উভয়ে উক্ত মোট সম্পত্তির অবিভক্ত $\frac{১}{২}$ অর্দ্ধাংশের মালিক স্বত্বাধিকারী হইয়া উক্ত সম্পত্তি এজমালে ভোগদখল করিতে থাকেন।

অতঃপর বৈধ কারণে নগদ অর্থের বিশেষ প্রয়োজন বোধে শ্রী সুরেন্দ্র নাথ চন্দ্র মহাশয় উক্ত মোট সম্পত্তিতে তাঁহার নিজ অবিভক্ত $\frac{১}{৪}$ এক চতুর্থাংশ

Scanned with ACE Scanner

30 Rs.






রকম স্বত্বাংশ মর্টগেজের দায় যুক্তে ৫নং মাইকেল দত্ত ষ্ট্রীট খিদিরপুর নিবাসী – জনৈকা শ্রীমতী নলিনী সুন্দরী সাহা বা দাসীকে বিক্রয় করেন। উক্ত সুরেন্দ্র নাথ চন্দ্রের অংশের সম্পত্তি শ্রীমতী নলিনী সুন্দরী সাহাকে বিক্রয় করিবার পূর্ব্বে জনৈকা শ্রীমতী শরৎ কুমারী দাসীর নিকট বন্ধকের দায়ে আবদ্ধ থাকে। কিন্তু শ্রীমতী – শরৎ কুমারী দাসীর উক্ত বন্ধকী তমশুকের দরুণ প্রাপ্য আসল মায় সুদ সমুদয় টাকা অনাদায়ী থাকায় তিনি উক্ত বন্ধকী তমশুক বাবদ তাঁহার প্রাপ্য সমুদয় টাকা আদায় জন্য বাদী শ্রেণী ভুক্ত হইয়া শ্রী সুরেন্দ্র নাথ চন্দ্র ও শ্রীমতী নলিনী সুন্দরী সাহার বিরুদ্ধে আলিপুর তৃতীয় সাবজজ আদালতে সন ১৯৫৫ সালের ১০৩ নং দেওয়ানী ॥ মর্টগেজ ॥ মোকর্দ্দমা দায়ের করেন। উক্ত মোকর্দ্দমায় পক্ষগণের দাখিলী সোলে নামার সর্ত্তানুসারে শ্রীমতী নলিনী সুন্দরী সাহার বিরুদ্ধে গত ইং ২৬।৩।১৯৫২ তারিখে প্রাথমিক ডিক্রী প্রচারিত হয়।

অতঃপর শ্রীমতী শরৎ কুমারী দাসী তাঁহার উক্ত মর্টগেজ ডিক্রীর যাবতীয় –

123

7 Rs

INDIA

सात रूपये

सत्यमेव जयते

SEVEN RUPEES भारत SEVEN RUPEES



স্বত্ব লভ্য গত ইং ২৭।১১।১৯৫৩ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রি কৃত এসাইনমেন্ট দলিল মূলে জনৈকা শ্রীমতী রাধা রাণী দাসীকে বিক্রয় করিয়া নিঃস্বত্ব হয়েন । উক্ত বন্ধকী ডিক্রির অমরে প্রাপ্য টাকা দেনদার শ্রীমতী নলিনী সুরা তাহা আদায় না দেওয়ায় শ্রীমতী রাধা রাণী দাসী আদালত হইতে তাঁহার বিরুদ্ধে গত ইং ৩।৫।১৯৫৪ তারিখে মর্টগেজের চূড়ান্ত বা ফাইনাল ডি ডিক্রী প্রাপ্ত হয়েন । পরে তিনি উক্ত ফাইনাল মর্টগেজ ডিক্রী তৃতীয় সবজজ আদালতের সন ১৯৫৪ সালের ৪১ নং দেওয়ানী জারি মোকর্দ্দমায় জারি করিয়া উক্ত মর্টগেজী বা বন্ধকী সম্পত্তি নীলাম বিক্রয়ের প্রার্থনা করেন । অতঃপর গত ইং ১৭।১১।১৯৫৪ তারিখে তিনি স্বয়ং উক্ত সম্পত্তি আদালতের প্রকাশ্য নীলামে নীলাম খরিদ করেন । উক্ত নীলাম আদালত কর্ত্তৃক রীতিমত বাহাল হইলে তিনি আদালত হইতে বয়নামা প্রাপ্ত হইয়া গত ইং ৫।১।১৯৫৫ তারিখে আদালতের পদাতিক সাহায্যে দখল প্রাপ্ত হয়েন । পরে বৈধকারণে নগদ অর্থের বিশেষ প্রয়োজন বোধে তিনি তাঁহার নীলাম খরিদা অর্থাৎ

উক্ত মোট সম্পত্তির অবিভক্ত $\frac{১}{৪}$ এক চতুর্থাংশ রকম সম্পত্তি গত ইং সন ১৯৫৯ সালের ১লা ফেব্রুয়ারী তারিখে সম্পাদিত ও রেজেস্ট্রি কৃত কোবালা মূলে উপযুক্ত পণে জনৈকা শ্রীমতী আঙ্গুর বালা দাসীকে বিক্রয় করিয়া ও উহার দখল তাঁহার অনুকুলে পরিত্যাগ পূর্ব্বক উহা হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন ।

অতঃপর শ্রীমতী আঙ্গুর বালা দাসী মহাশয়া উক্ত সম্পত্তির অবিভক্ত $\frac{১}{৪}$ এক চতুর্থাংশ রকম সম্পত্তি নিজ অর্থে ও স্বার্থে উপরোক্ত মতে খরিদ করিয়া উহা নিজ স্বত্ব দখল পরিচালনে ভোগবতী ও দখলকারিণী থাকেন । উক্ত মোট সম্পত্তির বক্রী অবিভক্ত $\frac{১}{৪}$ এক চতুর্থাংশ রকম স্বত্বাংশ বরদা প্রসাদ চন্দ্রের পুত্র শ্রী আশুতোষ চন্দ্রের স্বত্বাধিকারে থাকে ও তিনি উহা অপরাপর সরিকগণের সহিত এজমালে ভোগদখল করিতে থাকেন ।

অতঃপর শ্রী আশুতোষ চন্দ্র মহাশয় ঋণগ্রস্ত হইয়া পড়ায় এবং মহাজনেরা তাঁহাদের প্রাপ্য টাকা আদায়ের জন্য বারংবার জবর তাগাদা করিতে থাকায় মহাজনদিগের উক্ত দেনা সমূহ পরিশোধের কোন উপায় না থাকায় তিনি দেনার দায় হইতে মুক্তি পাইবার নিমিত্ত জেলা ২৪ পরগণা আলিপুর ডিস্ট্রিক্ট জজ আদালতে সন ১৯৩৭ সালের ১৮ নং ইনসলভেন্সী মোকর্দ্দমা রুজু করিয়া উক্ত মোকর্দ্দমায় গত ইং ১৯।৭।১৯৩৭ তারিখে ইনসলভেন্ট বা দেউলিয়া সাব্যস্ত হয়েন এবং তাঁহার যাবতীয় স্থাবর অস্থাবর সম্পত্তি আদালত কর্ত্তৃক নিযুক্তীয় অফিসিয়াল রিসিভার শ্রী দীনেশ চন্দ্র রায় চৌধুরী মহাশয়ের হস্তে ন্যস্ত হয় এবং উক্ত শ্রী আশুতোষ চন্দ্র মহাশয়ের উক্ত মোট সম্পত্তিতে তাঁহার নিজ অবিভক্ত $\frac{১}{৪}$ এক চতুর্থাংশ রকম সম্পত্তি আইনানুসারে উক্ত রিসিভারের হস্তে ন্যস্ত হয় এবং শ্রী আশুতোষ চন্দ্র মহাশয়ের উহাতে আর কোন স্বত্ব ও অধিকার ছিল না । অতঃপর পরবর্ত্তী অফিসিয়াল -

Scanned with ACE Scanner

রিসিভার শ্রী ইন্দু ভূষণ ঘোষ এ্যাডভোকেট্ মহোদয়ের পরে ডিস্ট্রিক্ট জজ বাহাদুরের আদেশানুসারে উক্ত শ্রী আশুতোষ চন্দ্র মহাশয়ের অবিভক্ত $\frac{১}{৪}$ এক চতুর্থাংশ রকম স্বত্বাংশ গত ইং ১।৫।১৯৫১ তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রি কৃত কোবালা মূলে জনৈক শ্রী জহর লাল দত্ত মহাশয় কে বিক্রয় করিয়া নিঃস্বত্ব হয়েন ।

অতঃপর শ্রী জহর লাল দত্ত উক্ত সম্পত্তির অবিভক্ত $\frac{১}{৪}$ রকম স্বত্বাংশ নিজ অর্থে ও স্বার্থে খরিদ করিয়া অপরাপর সরিকগণের সহিত এজমালে ভোগদখল করিতে থাকা অবস্থায় বৈধ কারণে আর্থিক প্রয়োজন বোধে তিনি তাঁহার নিজ খরিদা উক্ত মোট সম্পত্তির অবিভক্ত $\frac{১}{৪}$ এক চতুর্থাংশ রকম সম্পত্তি বিক্রয়ের ঘোষণা করিলে আমার বায়া শ্রীমতী শঙ্করী বালা চন্দ্র মহাশয়া উহা নিজ স্বার্থে ও স্ত্রীধন অর্থে গত ইংরাজী সন ১৯৫১ সালের ২১ শে জুন তারিখে সম্পাদিত ও রেজেষ্ট্রি কৃত কোবালা মূলে তৎকালীন উপযুক্ত পণে খরিদ করিয়া উহার মালিক দখলকারিণী হয়েন । উক্ত বিক্রয় কোবালা আলিপুর সদর জয়েন্ট সবরেজেষ্ট্রি অফিসে ইংরাজী সন ১৯৫১ সালের ১নং বহির ৪৯ নং ভলুমে ২৫৭ হইতে ২৬০ পৃষ্ঠায় ৪০৮২ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ আছে ।

অতঃপর শ্রীমতী শঙ্করী বালা চন্দ্র মহাশয়া উক্ত অবিভক্ত $\frac{১}{৪}$ এক চতুর্থাংশ রকম স্বত্বাংশ খরিদ করিয়া অপরাপর সরিকগণের সহিত উহা এজমালে ভোগদখল করিতে থাকেন ।

উক্ত মোট সম্পত্তির বক্রী অবিভক্ত ১/৪ এক চতুর্থাংশ উপরোক্ত শ্রীমতী – আঙ্গুর বালা হালদার নীলাম খরিদ মূলে শ্রী সুরেন্দ্র নাথ চন্দ্রের অবিভক্ত $\frac{১}{৪}$ এক চতুর্থাংশ রকম অংশে মালিক ও স্বত্বাধিকারীনি হওয়ায় তাঁহারা উভয়ে উক্ত ১এ নং

গোপাল ডাক্তার রোড প্রেমিসেস ভুক্ত মোট কমবেশ ৴২।৵০ দুই কাঠা ছয় ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত দ্বিতল ইমারত বাটি অন্যান্য যাবতীয় সাজগাট আবর আভাতাদি ও তৎসংক্রান্ত সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সমেত দরবস্ত হক হকুক সম্পত্তির অবিভক্ত $\frac{১}{২}$ অর্দ্ধাংশে মালিক ও দখলকারিনী হইয়া অপরাপর সরিকগণের সহিত উহা এজমালে নিজ নিজ অংশানুযায়ী উহার যাবতীয় আয় উপস্বত্বাদি গ্রহণে — ভোগ দখল করিতে থাকেন।

অতঃপর তাঁহাদিগের ও তাঁহাদিগের অপরাপর সরিকগণের মধ্যে উক্ত সম্পত্তি এজমালে ভোগদখলের অসুবিধা বোধে তাঁহারা উভয়ে বাদি শ্রেণী ভুক্ত হইয়া অপরাপর সরিকগণের বিরুদ্ধে উক্ত সম্পত্তি বিভাগ বন্টন প্রার্থনায় আলিপুর সপ্তম সবজজ আদালতে সন ১৯৬২ সালের ৯৬ নম্বর পার্টিশান ।। দেওয়ানী ।। মোকর্দ্দমা দায়ের করেন। উক্ত মোকর্দ্দমা দোতরফা বিচারে আদালত কর্তৃক তাঁহাদিগের অনুকূলে তাঁহাদের নিজ অবিভক্ত $\frac{১}{২}$ অর্দ্ধাংশ বিভাগ বন্টন করিয়া লইবার জন্য প্রাথমিক বা প্রিলিমিনারী ডিক্রী প্রচারিত হয়। পরে উক্ত মোকর্দ্দমায় আদালত নিযুক্তীয় কমিশনার মহোদয়ের দাখিলী রিপোর্ট অনুযায়ী উক্ত পার্টিশান মোকর্দ্দমা গত ইং ১৮।৩।১৯৭২ তারিখে চূড়ান্ত(ফাইন্যাল) ডিক্রী মূলে নিষ্পত্তি হয়।

উক্ত পার্টিশান মোকর্দ্দমার চূড়ান্ত ডিক্রী মূলে তাঁহাদিগের নিজাংশে মোট জমির পূর্ববাংশাস্থিত মাপ সুরৎ ৴১।৵৭ এক কাঠা তিন ছটাক সাত স্কোয়ার ফিট বাস্তু জমি মায় তদুপরিস্থিত ইমারত বাটির নিম্নতলে লট নম্বর 'S' ভুক্ত দুই কামরা ঘর কভার্ড বারান্দা এবং উপরতলায় লট নম্বর 'T' চিহ্নিত E. F G. H. J2 J3 C' D' চিহ্নিত ঘরাদি সমেত পাকা দ্বিতল বাটি অংশ —

Scanned with ACE Scanner

শ্রী কমল কানু চন্দ্র

অন্যান্য যাবতীয় সাজপাট আকর আওলাতাদি ও যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পত্তি ষোল আনা রকমে চিহ্নিত ও বন্টিত হয় এবং তাঁহারা উভয়ে তদনুযায়ী - পাকা দেওয়াল তুলিয়া পশ্চিমাংশের মালিকগণের সহিত পৃথক করিয়া লয়েন। কিন্তু দখল লইবার সময় আমার কোবালা দলিলের ১নং কোবালা গ্রহীতার স্বামী আপনি শ্রী কমল কানু চন্দ্র উক্ত মোট সম্পত্তির অবিভক্ত $\frac{১}{৪}$ এক চতুর্থাংশ তাঁহার পিতা স্বর্গত আশুতোষ চন্দ্রের ওয়ারিশ স্বরূপে প্রাপ্ত হইয়াছেন উল্লেখে আলিপুর পঞ্চম মুনসেফী আদালতে সন ১৯৭৪ সালের ৮ নম্বর দেওয়ানী মোকর্দ্দমা দায়ের করেন। উক্ত মোকর্দ্দমা পরে আলিপুর দ্বিতীয় এডিশনাল মুনসেফী আদালতে ট্রান্সফার হইয়া সন ১৯৭৫ সালের ১০৯ নম্বর দেওয়ানী মোকর্দ্দমা রূপে নথীভুক্ত হয়। প্রকৃত পক্ষে উক্ত মোকর্দ্দমা মিথ্যা, হয়রাণ কর ও অচল মোকর্দ্দমা থাকে। উক্ত মোট সম্পত্তির অবিভক্ত $\frac{১}{৪}$ রকম স্বত্বাংশ সম্পর্কে স্বর্গত আশুতোষ চন্দ্রের যাহা কিছু স্বত্ব স্বামীত্ব ও অংশাদি ছিল তাহা উপরোক্ত ইনসলভেন্সী মোকর্দ্দমায় নিযুক্তীয় রিসিভারের হস্তে ন্যস্ত হওয়ায় ও রিসিভার মহোদয় উহা আদালতের আদেশ ক্রমে বিক্রয় করায় এবং আমার বায়া শ্রীমতী শঙ্করী রাণী চন্দ্র ও শ্রীমতী আঙ্গুর বালা হালদার উভয়ে পরে খরিদ সূত্রে পূর্ব্বোক্ত রূপে মালিক স্বত্বাধিকারিণী হওয়ায় শ্রী কমল কানু চন্দ্র মহাশয়ের উপরোক্ত মোকর্দ্দমা সম্পূর্ণ অচল এবং আদৌ কার্য্যকরী নহে।

অতঃপর তাঁহারা উভয়ে তাঁহাদিগের উক্ত পৃথক চিহ্নিত সম্পত্তি অর্থাৎ ১এ নং গোপাল ডাক্তার রোড প্রেমিসেস ভুক্ত পূর্ব্বাংশস্থিত কমবেশ /১৩৭ এক কাঠা তিন ছটাক সাত স্কোয়ার ফিট বাস্তু জমি মায় তদুপরিস্থিত জীর্ণ ও বহুপুরাতন পাকা দ্বিতল বাটি সাজপাট আকর আওলাতাদি মায় তৎসংক্রান্ত -

Scanned with ACE Scanner

সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদি সমেত সম্পত্তি আলিপুর দ্বিতীয় এডিসনাল মুনসেফী আদালতের সন ১৯৭৫ সালের ১০৯ নং দেওয়ানী মোকর্দ্দমার ফলাফল সাপেক্ষে সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় বিক্রয় করিবার প্রস্তাব ঘোষণা করিলে আমি অত্র কোবালা দাতা ও আমার অপর শরিক শ্রীমতী সোনালী চন্দ্র উহা নিজ নিজ স্বার্থে ও অর্থে বাজারোচিত সর্ব্বোচ্চ পণে গত ইং ১৯৭৭ সালের ১৮ই নভেম্বর তারিখে সম্পাদিত ও রেজেস্ট্রি কৃত কোবালা মূলে খরিদ করিয়া উক্ত সম্পত্তির খোলসা খাস দখল লই। উক্ত বিক্রয় কোবালা আলিপুর ডিস্ট্রিক্ট সবরেজেস্ট্রি অফিসে ইং সন ১৯৭৭ সালের ১নং বহির ২৪৫ নং ভ্যুলমে ২৭ হইতে ৩৮ পৃষ্ঠায় ৭৩৫৮ নং দলিল উল্লেখে লিপিবদ্ধ আছে। আমাদিগের খরিদা উক্ত সম্পত্তি আমাদিগের খরিদা কোবালা সংলগ্ন নকসায় "লাল রঙে "সীমাকৃত চিহ্নিত ও প্রদর্শিত আছে।

অতঃপর আমি ও আমার অপর শরিক আপনার স্ত্রী শ্রীমতী সোনালী – চন্দ্র উপরোক্ত কোবালা মূলে উক্ত সম্পত্তি খরিদ করিয়া তৎসম্পর্কে কলিকাতা – মিউনিসিপ্যাল কর্পোরেশনে নিজ নিজ নাম পত্তন করাইয়া নিজ নিজ তহবিল হইতে তুল্যাংশে ট্যাক্সাদির টাকা সরবরাহ করতঃ উক্ত সম্পত্তির কতকাংশে স্ব স্ব – পরিবার বর্গাদি সহ বসবাসাদি দ্বারা ও কতকাংশ মাসিক ভাড়াটিয়া বিলি দ্বারা নির্ব্যূঢ় স্বত্বে ভোগদখল করিয়া আসিতেছি। পরে উক্ত শ্রী কমল কানু চন্দ্র মহাশয়ের দাখিলী মোকর্দ্দমা সোলে সূত্রে নিষ্পত্তি হয়।

উক্ত সম্পত্তি সাবেক কলিকাতা কর্পোরেশনের হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১বি নং গোপাল ডাক্তার রোড প্রেমিসেস ভুক্ত হইতেছে। উক্ত সম্পত্তিতে আমার নিজ অবিভক্ত $\frac{১}{২}$ অর্দ্ধাংশ রকম স্বত্বাংশ আছে ও হইতেছে।

এক্ষণে আর্থিক প্রয়োজন বোধে আমি উক্ত ও নিম্ন তপশীলে বর্ণিত সম্পত্তিতে আমার নিজ অবিভক্ত ১/২ অর্দ্ধাংশ রকম স্বত্বাংশের মধ্যে অবিভক্ত ১/২ রকম স্বত্বাংশ অর্থাৎ মোট সম্পত্তির ১/৪ এক চতুর্থাংশ রকম স্বত্বাংশ সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বিক্রয় করিবার প্রস্তাব ঘোষণা করিলে আপনি কোবালা গ্রহীতা উহা বাজারোচিত সর্ব্বোচ্চ মূল্য বেনমোক্তা ১১,০০০্ এগারো হাজার টাকা পণে সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় খরিদ করিতে সম্মত হইয়া আমাকে জানাইলে আমি আপনার প্রস্তাবিত মূল্যের অতিরিক্ত কোন গ্রাহক না পাওয়ায় উক্ত সম্পত্তি উক্ত মূল্যে আপনাকে বিক্রয় করিতে স্বীকৃত হইয়া ও অদ্য তারিখে আপনার নিকট হইতে ধার্য্যকৃত পণের অঙ্কে নিম্ন জায়মতে নগদ ১১,০০০্ এগারো হাজার টাকা গ্রহণ করিয়া ও এতদ্বারা উহার প্রাপ্তি স্বীকারে আপনাকে আমার ভোগদখলী উপরোক্ত ও নিম্ন তপশীল বর্ণিত – মোট সম্পত্তির অবিভক্ত ১/২ রকমের মধ্যে অবিভক্ত ১/২ অর্দ্ধাংশ অর্থাৎ মোট সম্পত্তির অবিভক্ত ১/৪ এক চতুর্থাংশ রকম স্বত্ব সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় এবং নির্ব্যূঢ় স্বত্বে বিক্রয় করিয়া বিক্রীত সম্পত্তির খোলসা খাস দখল আপনার অনুকূলে পরিত্যাগ পূর্ব্বক উহা হইতে অদ্য হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

অতঃপর অত্র দলিল দ্বারা বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব স্বামীত্ব হক হকিয়ত দাবী দাওয়া দখল বা অধিকার ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে সম্পূর্ণ রূপে চিরতরে আমা হইতে রদ রহিত লুপ্ত ও ধ্বংশ হইয়া বোল আনা মতে নির্ব্যূঢ় স্বত্বে আপনাকে বর্ত্তাইল।

আপনি অদ্য হইতে অত্র দলিল দ্বারা বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় – স্বত্বে স্বত্ববান ও দখলীকার হইয়া কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে ও অন্যান্য

আবশ্যকীয় স্থানে আপনার নিজ নাম পত্তন করাইয়া তদ্বাবদ নিজ তহবিল হইতে ট্যাক্সাদির টাকা সরবরাহ করতঃ ও উক্ত সম্পত্তি দান, বিক্রয়, বন্ধক প্রভৃতি সর্বব প্রকার হস্তান্তর ও রূপান্তর করণের ক্ষমতা যুক্তে পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে চিরকাল নির্ব্যূঢ় স্বত্বে ভোগদখল করিতে থাকুন। তাহাতে আমি বা আমার পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণ ক্রমে কেহ কস্মিনকালে ও কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবে না। করিলেও তাহা সর্ববতোভাবে বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

আপনি অত্র কোবালা দর্শাইয়া কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন অফিসে ও অন্যান্য আবশ্যকীয় স্থানে আপনার নিজ নাম পত্তন করাইয়া লইবেন। তাহাতে আমার কোন সাহায্যের আবশ্যক হইলে আমি তাহা করিতে বাধ্য রহিলাম।

আমি এতদ্বারা প্রচার ও প্রকাশ করিতেছি যে অত্র দলিল দ্বারা বিক্রীত সম্পত্তি আমি ইতিপূর্বেব কাহাকেও দান করি নাই বা বিক্রয় করি নাই বা উহা কাহারও নিকট বন্ধকের দায়ে আবদ্ধ রাখি নাই বা অপর কাহারও সহিত বিক্রয়ের চুক্তি করি নাই বা উহা কোনরূপ দায়াবদ্ধ বা চার্জ্জ যুক্ত করি নাই বা কাহারও খোরপোষের দায়ে বা জামিনে আবদ্ধ নহে। উহা কাহাকেও স্বল্পকাল বা দীর্ঘ কাল মেয়াদে বিলি বন্দোবস্ত দিই নাই বা উক্ত সম্পত্তি কোন দেব সেবায় বা ট্রাস্টে অর্পণ করি নাই। উক্ত সম্পত্তি বা উহার কোন অংশ কোন দেনার দায়ে আবদ্ধ — নহে। উহার উপর কোন ক্রোকী পরওয়ানা বা নীলামী ইস্তাহার জারী হয় নাই বা উক্ত সম্পত্তি সম্পর্কে আমার উপর কোন আদালত হইতে স্থায়ী বা অস্থায়ী — নিষেধাজ্ঞা জারী হয় নাই বা উক্ত সম্পত্তি বর্ত্তমানে কোন মোকর্দ্দমার সহিত সংশ্লিষ্ট নহে। উক্ত সম্পত্তি সরকার বাহাদুর, কর্পোরেশন কর্তৃপক্ষ, সি, এম, ডি, এ

বা অপর কোন সাধারণ প্রতিষ্ঠান কর্তৃক গৃহীত হয় নাই বা উহার উপর কোন ল্যাণ্ড একুইজিশান্ বা রিকুইজিশান্ প্রসিডিংস্ বাহাল নাই বা উহা কোন স্কীম্ ভুক্ত নহে। উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় আছে এবং তদবস্থায় উহা আপনাকে অত্র কোবালা মূলে বিক্রয় করিয়া ও বিক্রীত সম্পত্তির খাস দখল আপনার অনুকূলে পরিত্যাগ পূর্বক উহা হইতে অদ্য হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম।

যদ্যপি উপরোক্ত উক্তি সমূহের কোন উক্তি মিথ্যা অন্তকী বা অপ্রকৃত বলিয়া প্রকাশ পায় তবে মাফিক আইনামলে আসিব ও দণ্ডনীয় হইব এবং আমি স্বয়ং মায় ওয়ারিশান গণ ক্রমে আপনার যাবতীয় ক্ষতিপূরণ করিতে বাধ্য রহিলাম।

প্রকাশ থাকে যে যদ্যপি ভবিষ্যতে অত্র দলিলের বয়ানে কোনরূপ ভ্রম বা ত্রুটি থাকা প্রকাশ পায় ও তজ্জন্য আপনি ক্ষতিগ্রস্ত হয়েন অথবা আপনার খরিদা স্বত্ব দখলে কোনরূপ বিঘ্ন ঘটে বা গোলযোগ উপস্থিত হয় তবে উক্ত ভ্রম সংশোধনের জন্য আমি আপনার খরচায় আপনার নাম বরাবর স্বতন্ত্র সংশোধিত দলিলাদি সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিতে বাধ্য রহিলাম।

প্রকাশ থাকে যে উক্ত সম্পত্তিস্থিত গৃহাদির মধ্যে নীচতলায় জনৈক শ্রী বিনয় ভূষণ দত্ত দুই কামরা ঘর আমার ও আমার অপর সরিক শ্রীমতী সোনালী চন্দ্রের অধীনে মাসিক ৪০০্ চারিশত টাকা ভাড়া আদায়ে ভাড়াটিয়া স্বরূপে দখল করিয়া আসিতেছেন। আমি উক্ত ভাড়াটিয়াকে অত্র বিক্রয়ের বিষয় জানাইয়া তাঁহার দেয় ও আমার নিজাংশে প্রাপ্য ভাড়ার টাকার অবিভক্ত $\frac{1}{2}$ অংশ আপনাকে আদায় দিবার জন্য অনুরোধ করিয়া তাহাকে আপনার মোকাবিলা করিয়া দিলাম ও তাঁহার বরাবর স্বতন্ত্র attornment- letter - দিলাম।

এতদর্থে সুস্থ শরীরে সজ্ঞানে অন্যের বিনানুরোধে অত্র বিক্রয় কোবালার মর্ম সম্যক রূপে অবগত থাকিয়া এবং উহার সমুদয় বিবরণ পড়িয়া ও বুঝিয়া আমি অদ্য তারিখে আপনার নিকট হইতে ধার্য্যকৃত পণের সমুদয় ১১,০০০্ এগারো হাজার টাকা নিম্ন জায়মতে নগদ গ্রহণ করিয়া ও এতদ্বারা উহার প্রাপ্তি স্বীকারে আপনার নাম বরাবর অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা যথারীতি লিখিত পঠিত সহি সম্পাদন ও রেজেষ্ট্রি করিয়া দিলাম। ইতি তাং ইং সন ১৯৮৬ সালের ২৫শে ফেব্রুয়ারী মোতাবেক বাংলা সন ১৩৯২ সালের ১৩ই ফাল্গুন।

## তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয়

জেলা ২৪ পরগণা, সবরেজেষ্ট্রি অফিস আলিপুর, পরগণা মাগুরা, থানা ওয়াটগঞ্জ, কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সাবেক ১এ নং গোপাল ডাক্তার রোড প্রেমিসেস ভুক্ত পূর্ববাংশস্থিত হাল কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের এলাকাধীন ১বি নং গোপাল ডাক্তার রোড প্রেমিসেস ভুক্ত কমবেশ ১।৩।৭ এক কাঠা তিন ছটাক সাত স্কোয়ার ফিট মৌরশী মোকররী স্বত্বীয় বাস্তু জমি মায় তদুপরিস্থিত দ্বিতল ইমারত বাটি, জলের কল, ড্রেণ পায়খানা, ইলেকট্রিক কনেকসান যাবতীয় ফিটিংস ও ফিক্চারস মায় তৎসংলগ্ন সর্ববিধ ইজমেন্ট সুত্বাদি সমেত দরবস্ত হক হকুক।

ইহার চৌহদ্দি ঃ –

ইহার চৌহদ্দি ঃ —

উত্তর — গোপাল ডাক্তার রোড ।

পূর্ব্ব — ২৩ নং রমা নাথ পাল রোড প্রেমিসেস ভুক্ত শ্রী ইন্দু ভূষণ ব্যানার্জ্জীর বাড়ী ।

দক্ষিণ — ২১।১ নং রমা নাথ পাল রোড প্রেমিসেস ।

পশ্চিম — ১এ নং গোপাল ডাক্তার রোড প্রেমিসেস ভুক্ত সম্পত্তি ।

উক্ত মোট সম্পত্তির অবিভক্ত $\frac{১}{৪}$ এক চতুর্থাংশ রকম অত্র কোবালা মূলে বিক্রীত সম্পত্তি হইতেছে ।

### ওয়াশীল টাকার জায়

| | |
|---|---|
| অদ্য তারিখে নগদ | ১১,০০০ টাকা |
| | ১১,০০০ টাকা |

মোট এগারো হাজার টাকা মাত্র ।

শ্রী বিমল কুমার [illegible]

ইসাদি

Dulal Ch. [illegible]
10 A R. N. Paul Road
Cal 23

Manoj Kumar Chatterjee
11, Ramanath Paul Road
Cal- 23.

Sushil Kumar Maity
17, Ramanath Paul Road
Cal - 700023

Arun Kumar Saha
13C, Rama Nath Paul Road.
Kidderpore Cal - 700023

Drafted by me
Ajit Mukherjee
advocate
Alipore Civil Court
Cal-27

টাইপিস্ট
শ্রী [illegible] চন্দ্র [illegible]
আলিপুরজজকোর্ট —

One Sheet Extra.

Book 1
Volume 53
Pages 182 to 207
Being No. 3057
for the Year 19 86

13/8/87

Scanned with ACE Scanner